

## 🗏 আল-আ'রাফ | Al-A'raf | اَلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৩৯

## 💵 আরবি মূল আয়াত:

## إِنَّ هُؤُلَاءِ مُتَبَّرٌ مَّا هُم فِيهِ وَ بُطِلٌ مَّا كَانُوا يَعمَلُونَ ﴿١٣٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় এরা যাতে আছে, তা ধ্বংসশীল এবং তারা যা করত তা বাতিল। — আল-বায়ান এসব লোক যাতে মত্ত আছে তা ধ্বংস হয়ে যাবে আর তারা যে সব কাজ করছে তা সব বাতিল। — তাইসিরুল এ সব লোক যে কাজে লিপ্ত রয়েছে তাতো ধ্বংস করা হবে, আর তারা যা করছে তা অমূলক ও বাতিল বিষয়। — মুজিবুর রহমান

Indeed, those [worshippers] - destroyed is that in which they are [engaged], and worthless is whatever they were doing." — Sahih International

১৩৯. এসব লোক যাতে লিপ্ত রয়েছে তা তো বিধ্বস্ত করা হবে এবং তারা য করছে তাও অমূলক।

তাফসীরে জাকারিয়া

- (১৩৯) এসব লোক যাতে লিপ্ত রয়েছে, তা তো ধ্বংস করা হবে এবং তারা যা করছে, তাও অমূলক।[1]
  - [1] অর্থাৎ, এই সব মূর্তিপূজারী যাদের অবস্থা তোমাদেরকে ধোঁকায় ফেলেছে, তাদের ভাগ্যই হল ধ্বংস হওয়া ও তাদের এই কর্ম বাতিল ও ক্ষতিকর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1093

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন